Association of Bankers
Bangladesh Limited

# নগদ-এ বাংলাদেশ ব্যাংক-নিযুক্ত প্রশাসকের ওপর হামলায় এবিবি’র নিন্দা

ঢাকা, রবিবার, ১৬ ফেব্রুয়ারি ২০২৫: মোবাইল ফাইন্যান্সিয়াল সেবাদানকারী প্রতিষ্ঠান নগদ-এ বাংলাদেশ ব্যাংক-নিযুক্ত প্রশাসক মুহম্মদ বদিউজ্জামান দিদারের ওপর হামলার তীব্র নিন্দা জানিয়েছে অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ লিমিটেড (এবিবি)।

এমন হামলার নিন্দা জানিয়ে এবিবি চেয়ারম্যান সেলিম আর. এফ. হোসেন এ ধরনের হামলা সুশাসন, জবাবদিহিতা এবং আইনের শাসনকে দুর্বল করার একটি প্রচেষ্টা বলে এক বিবৃতিতে উল্লেখ করেন।

বিবৃতিতে তিনি বলেন, “বাংলাদেশ ব্যাংক-নিযুক্ত প্রশাসকের ওপর এমন আক্রমণ শুধু একজন ব্যক্তির ওপরই আক্রমণ নয়, বরং দেশের আইন ও বিচারব্যবস্থার জন্য সরাসরি হুমকিও। আইনের শাসন দ্বারা পরিচালিত একটি সমাজে এ ধরনের কর্মকাণ্ডের কোনো স্থান নেই। অপরাধীদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নিয়ে তাদের বিচারের আওতায় আনার জন্য আমরা যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান জানাচ্ছি।”

দেশের আর্থিক প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, স্বচ্ছতা এবং জবাবদিহিতা সমুন্নত রাখার প্রচেষ্টায় বাংলাদেশ ব্যাংকের পাশে থেকে সহায়তা করার ব্যাপারে এবিবি প্রতিশ্রুতিবদ্ধ। অ্যাসোসিয়েশনটি আইনের শাসনকে সর্বোচ্চ সম্মান জানিয়ে আর্থিক খাতকে বিপর্যস্ত করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে সকল স্টেকহোল্ডারকে ঐক্যবদ্ধ থাকারও আহ্বান জানিয়েছে।

**Association of Bankers Bangladesh Limited**
Eastern Commercial Complex (11th Floor),
73, Kakrail, Dhaka 1000, Bangladesh
Tel: 88 02-222229715, Mobile: 01711676436, Email: shamim@abbd.org
www.abbd.org